দৈনিক বাংলা

22 APR 1987
তারিখ
পৃষ্ঠা 3 কলাম 6

বাংলাদেশ শিক্ষা ... ডকুমেন্টেশন কেন্দ্র

043

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়

নং শাঃ ১১/১-১৮/৮৭/৪০১(১০০)-শিক্ষা,

তারিখ— ১১/৪/১৯৮৭ ইং
৫-১-১৩৯৪ বাংলা

**বিষয়ঃ ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে বুলগেরিয়া সরকার কর্তৃক প্রদত্ত স্নাতকপূর্ব পর্যায়ের বৃত্তি এবং সিএমইএ-এর অধীনে স্নাতকপূর্ব পর্যায়ে বুলগেরিয়ায় অধ্যয়নের জন্য দরখাস্ত আহ্বান।**

১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে বুলগেরিয়া সরকার কর্তৃক প্রদত্ত বৃত্তি এবং সিএমইএ-এর অধীনে নিম্নলিখিত বিষয় ও পর্যায়ে বুলগেরিয়ায় অধ্যয়নের জন্য নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

| বিষয় | পর্যায় | বৃত্তি প্রদানকারী সংস্থার নাম | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) মেডিসিন (আসন— ২টি) | স্নাতকপূর্ব | বুলগেরিয়া সরকার | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগসহ গড়পড়তা শতকরা অন্তত ৭৫% নম্বর থাকিতে হইবে। |
| (২) ইঞ্জিনিয়ারিং (আসন— ৩টি) | ঐ | ঐ | |
| (৩) ইঞ্জিনিয়ারিং (আসন— ১টি) | ঐ | সিএমইএ | |
| (৪) এগ্রিকালচার (আসন—১টি) | ঐ | সিএমইএ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগসহ গড়পড়তা শতকরা অন্তত ৭০% নম্বর থাকিতে হইবে। |
| (৫) সমাজবিদ্যা (আসন— ১টি) | ঐ | বুলগেরিয়া সরকার | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগসহ মানবিক বিভাগের ছাত্র/ছাত্রী হইতে হইবে। সমাজবিদ্যা বিষয়ের প্রার্থীদের অবশ্যই উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সমাজবিদ্যা বিষয় থাকিতে হইবে। অনুরূপভাবে সাংবাদিকতা বিষয়ে প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পৌরনীতি ও অর্থনীতি থাকিতে হইবে। |
| (৬) সাংবাদিকতা (আসন—১টি) | ঐ | ঐ | |

১। প্রার্থীদের বয়স ১/১/৮৭ ইং তারিখের মধ্যে ২৫ বৎসরের উর্ধ্বে হইতে পারিবে না।

২। প্রার্থীদেরকে সাদা কাগজে নিম্নবর্ণিত বিবরণসহ আগামী ১০-৫-৮৭ইং তারিখের মধ্যেই নিম্নস্বাক্ষরকারীর নিকট শিক্ষাসংক্রান্ত যাবতীয় কাগজপত্র যথা মার্কশীট ও সনদপত্রসহ দরখাস্ত জমা দিতে হইবে। প্রার্থিগণ বাংলাদেশ সচিবালয়ের ২য় গেইটে রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত জমা দিতে পারিবেন।

৩। যেসব প্রার্থী ইতিপূর্বে অন্য কোন দেশের জন্য অস্থায়ীভাবে নির্বাচিত হইয়াছেন, তাহারা প্রার্থী হওয়ার যোগ্য নহেন।

৪। কোন প্রার্থী একাধিক বিষয়ে দরখাস্ত করিতে পারিবেন না।

৫। অসম্পূর্ণ দরখাস্ত ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলিয়া বিবেচিত হইবে।

৬। কোন প্রকার ভুয়া বিবরণ অথবা তথ্য সরবরাহকারীর দরখাস্ত সাথে সাথেই বাতিল বলিয়া গণ্য হইবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদিগকে এই ব্যাপারে আসা-যাওয়ার বিমান ভাড়া নিজেই বহন করিতে হইবে।

## দরখাস্ত ফরম

(১) নাম (স্পষ্ট অক্ষরে) :
(২) পিতার নাম/স্বামীর নাম :
(৩) (ক) জন্ম তারিখ :
(খ) ১/১/৮৭ ইং তারিখে প্রকৃত বয়স :
(৪) যোগাযোগের ঠিকানা :
(৫) স্থায়ী ঠিকানা :
(৬) শিক্ষাগত যোগ্যতা :

| পাসকৃত পরীক্ষার নাম ও বোর্ডের নাম | পাসের সন | বিভাগ/ক্লাস | অবস্থান (যদি থাকে) | গড়পড়তা পরীক্ষায় প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|

(৭) যে বিষয়ের জন্য প্রার্থী হইয়াছেন :
তারিখসহ প্রার্থীর দস্তখত

( টি সি চাকমা )
উর্ধ্বতন সহকারী সচিব।

ডিএফপি(স)—১৮১৬(২)২০/৪

জি—১৫১০